# আমার আদালত: ভার্চুয়াল কোর্টরুম ব্যবহার ম্যানুয়াল


(আইনজীবীদের জন্য)

mycourt.judiciary.gov.bd


### অধ্যায় ১ : নিবন্ধন ও লগইন

**নিবন্ধন**

১.১ আমার আদালত ভার্চুয়াল কোর্ট সিস্টেমে রেজিস্ট্রেশন বা নিবন্ধন করতে যে কোন একটি ইন্টারনেট ব্রাউজারের এ্যাড্রেস বারে [http://mycourt.judiciary.org.bd/](http://mycourt.judiciary.org.bd/) লিখে উক্ত সাইটে প্রবেশ করুন।নিম্নোক্ত ছবির মতো এটি পাতা আসবে।





১.২ 'নতুন নিবন্ধন' অপশনটিতে ক্লিক করুন।




১.৩ নিবন্ধন করতে আপনাকে আপনার মোবাইল নম্বর ইংরেজিতে, ইমেইল ঠিকানা ও পূর্ণ নাম প্রদান করতে হবে।* চিহ্নিত ঘরসমূহ পূরণ করা আবশ্যক।উক্ত ঘরসমূহ পূরণ করে নিচে থাকা নতুন নিবন্ধন অপশনটিতে ক্লিক করলে নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন হবে এবং আপনার মোবাইলে একটি এসএমএস যাবে।উক্ত এসএমএস এর মাধ্যমে আপনাকে লগইন করার জন্য পাসওয়ার্ড বা পিনকোর্ড প্রদান করা হবে।এসএমএস পাওয়ার ২৪ ঘন্টার মধ্যে আপনাকে প্রথমবার লগইন করতে হবে।

**লগইন**

১.৪ আমার আদালত ভার্চুয়াল কোর্ট সিস্টেমে লগইন করতে যে কোন একটি ইন্টারনেট ব্রাউজারের এ্যাড্রেস বারে http://mycourt.judiciary.org.bd/ লিখে উক্ত সাইটে প্রবেশ করুন।নিম্নোক্ত ছবির মতো এটি পাতা আসবে।





১.৫ লগইন করতে আপনি মোবাইল নম্বর ও পাসওয়ার্ড প্রদান করুন।লগইন করলে নিম্নোক্ত ছবির মতো একটি পাতা আসবে।





১.৬ লগইন করার পর আপনি আপনার চাহিমামতো আবেদন নিয়ে কাজ করতে পারবেন।

**পাসওয়ার্ড ভুলে গেলে**

১.৭ পাসওয়ার্ড ভুলে গেলে ‘পাসওয়ার্ড পুনরুদ্ধার’ অপশনটিতে ক্লিক করতে হবে।




১.৮ মোবাইল নম্বর প্রদান করে নতুন পাসওয়ার্ড প্রদান করতে হবে।





**লগআউট**

১.৯ ভার্চুয়াল কোর্ট সিস্টেম থেকে লগআউট হতে নিম্নোক্ত ছবিতে দেখানো লগআউট অপশনে ক্লিক করতে হবে।




# অধ্যায় ২ : প্রোফাইল ব্যবস্থাপনা

২.১ প্রোফাইল ব্যবস্থাপনার জন্য আপনাকে লগইন করার পর ‘প্রোফাইল’ অপশনে ক্লিক করতে হবে।




২.২ প্রোফাইল অপশনে ক্লিক করলে নিম্নোক্ত ছবির মতো একটি পাতা আসবে।





২.৩ প্রোফাইল ব্যবস্থাপনা মেনু ব্যবহার করে আপনি আপনার তথ্য, ঠিকানা, ডকুমেন্টস, সংযুক্তি, কোর্ট থেকে গৃহীত ফাইল সংক্রান্ত বিষয়গুলো আপনার প্রোফাইলে যুক্ত করতে পারবেন।তাছাড়া এই মেনু ব্যবহার করে আপনি পাসওয়ার্ড পরিবর্তন করতে পারবেন।দাখিলকৃত আবেদনসমূহ ও আবেদনের অবস্থা সম্পর্কে জানতে পারবেন।তাছাড়া নতুন আবেদন করতে পারবেন।

# অধ্যায় ৩ : জামিনের আবেদন

## জামিনের আবেদন দাখিল


৩.১ জামিনের আবেদন করার  জন্য আপনাকে লগইন করার জন্য 'আবেদনসমূহ' অপশন থেকে 'আসামীর জামিনের আবেদন' অপশনে ক্লিক করতে হবে।




৩.২ নিম্নোক্ত ছবির মতো একটি পাতা আসবে।




৩.৩ 'আবেদন করুন' অপশনটিতে ক্লিক করুন।নিম্নোক্ত ছবির মতো একটি পাতা আসবে।




৩.৪ জামিনের জন্য আবেদন করতে হলে আপনাকে নির্ধারিত ফরমের ঘরুগুলো পূরণ করতে হবে।ড্রপডাউন মেনু থেকে কোর্টের ধরন বাছাই করুন।তারপর কোর্টের নাম নির্ধারণ করে মামলা নম্বর প্রদান করুন।আইনজীবীর নাম ও আইনজীবীর মোবাইল নম্বর আপনাকে আলাদা করে পূরণ করতে হবে না। আপনি যে নাম ও মোবাইল নম্বর দিয়ে রেজিস্ট্রেশন করেছেন সেই তথ্যই স্বয়ংক্রিয়ভাবে এই ফরমে যুক্ত হবে।আপনি যদি রেজিস্ট্রেশনের সময় ইমেইল ঠিকানা পূরণ করে থাকেন তাহলে সেই ইমেইল ঠিকানাটি জামিন আবেদনের ফরমে যুক্ত হবে।আপনি চাইলে ইমেইল ঠিকানা পরিবর্তন করতে পারবেন।এছাড়াও আপনাকে বার এসোসিয়েশনের নাম এবং বারের মেম্বারশিপ নম্বর প্রদান করতে হবে।ফরমের সঙ্গে দুইটি ডিসক্লেইমার বক্স রয়েছে, এগুলোতে আপনাকে টিক চিহ্ন দিতে হবে।আবেদনের জন্য ২টি সংযুক্তি গুরুত্বপূর্ণ, ১টি আবেদনপত্র এবং আরেকটি ওকালতনামা।তবে ওকালতনামা পূর্বে দাখিল করা হয়ে থাকলে উক্ত বক্সে টিক দিলে নতুন করে দাখিল করতে হবে না।আপনি চাইলে অন্যান্য সাপোটিং ডকুমেন্ট যোগ করতে পারবেন।

৩.৫ ফাইল যুক্ত করার ক্ষেত্রে সর্বোচ্চ ফাইলের আকার ১০ মেগাবাইট।অনুমোদিত ফাইল এক্সটেনশান সমূহ: gif, png, jpg, jpeg, pdf


৩.৬ জামিনের যে আবেদনপত্রটি ফাইল আকারে যুক্ত করা হবে তাতে কোর্ট ফি যুক্ত করে কলমের কালি দিয়ে কেটে দিতে হবে।

৩.৭ আবেদনপত্রের * চিহ্নিত ঘরগুলো আপনাকে অবশ্যই পূরণ করতে হবে।প্রয়োজনীয় ঘরগুলো পূরণপূর্বক সংযুক্তি ফাইল যুক্ত করার পর 'আবেদন প্রেরণ করুন' বাটনটি প্রেস করে আপনি জামিন আবেদন সাবমিট করতে পারবেন।আপনি চাইলে আবেদনটি তক্ষনাৎ প্রেরণ না করে ভবিষ্যতের জন্য সংরক্ষণ করতে পারবেন।

৩.৮ জামিন আবেদন দাখিল করা হলে আপনাকে একটি ট্র্যাকিং নম্বর প্রদান করা হবে।পরবর্তীতে আবেদনের অবস্থা জানতে আপনাকে এই ট্র্যাকিং নম্বর ব্যবহার করতে হবে।

**দাখিলকৃত আবেদনসমূহ**


৩.৯ দাখিলকৃত আবেদনসমূহ দেখতে চাইলে আপনাকে 'আবেদন' অপশনে ক্লিক করতে হবে।'দাখিলকৃত আবেদনসমূহ' মেনু থেকে আপনি দাখিলকৃত আবেদনসমূহ দেখতে পাবেন।




৩.১০ 'আবেদনের নাম' কলামে থাকা আবেদনসমূহে ক্লিক করলে আবেদন সম্পর্কে বিস্তারিত জানা যাবে।এখান থেকে আবেদনপত্রের প্রিভিউ দেখা যাবে এবং আবেদনপত্রের অবস্থা জানা যাবে।

**আবেদনের অবস্থা জানুন**

৩.১১ আবেদনের অবস্থা জানতে আপনাকে প্রোফাইল অপশনের 'আবেদনের অবস্থা জানুন' মেনুতে ক্লিক করতে হবে।আপনাকে মোবাইল ফোন নম্বর এবং ট্র্যাকিং নম্বর দিয়ে অনুসন্ধান করতে হবে।




**জামিন শুনানির তারিখ অবহিতকরণ**


৩.১২ জামিন আবেদন প্রাপ্তির পর দাখিলকৃত কাগজপত্র যাচাইপূর্বক জামিন শুনানির তারিখ ও ভার্চুয়াল শুনানির লিংক পাঠানো হবে।এই বার্তা আবেদনকারীর ইমেইলে এবং 'মাইকোর্ট' সিস্টেমের প্রোফাইলে নোটিফিকেশন আকারে প্রেরণ করা হবে।

## অধ্যায় ৪ : ভার্চুয়াল শুনানি


ভার্চুয়াল শুনানির জন্য আমরা যে অ্যাপলিকেশনটি ব্যবহার করবো সেটির নাম Microsoft Teams. প্রথমে আমরা দেখবো ল্যাপটপ কিংবা ডেস্কটপ থেকে কিভাবে আমরা Microsoft Teams ডাউনলোড, ইন্সটল করতে পারি এবং Microsoft Teams ব্যবহার করে আমরা কিভাবে ভার্চুয়াল শুনাতিতে অংশ নিতে পারি।

### ৪.১ Microsoft Teams Desktop Application ডাউনলোড এবং শুনানিতে যোগদান


৪.১.১ প্রথমেই ভার্চুয়াল শুনানিতে অংশ নেয়ার জন্য ইমেইলে প্রাপ্ত লিঙ্কে ক্লিক করুন।





৪.১.২ লিঙ্কে ক্লিক করলেই আমাদের ব্রাউজারে নিম্নের উইন্ডোটি চলে আসবে। সেখানে Download The Desktop App লেখা অপশনটিতে ক্লিক করুন।





৪.১.৩ এখন আপনার ডিভাইসে Microsoft Teams ইন্সটল করার Run File ডাউনলোড হয়ে যাবে। Run File টি ক্লিক করে Teams ইন্সটল করে নিন।





৪.১.৪ Teams ইন্সটল হয়ে গেলে আপনার নাম লিখে Join Now এ ক্লিক করুন।




৪.১.৫ অভিনন্দন! আপনি ভার্চুয়াল শুনানিতে জয়েন করে ফেলেছেন।





৪.১.৬ নিচের ছবিগুলোতে আপনার ক্যামেরা, মাইক্রোফোন চালু কিংবা বন্ধ করা, শুনানি চলাকালে চ্যাট উইন্ডো কিভাবে ওপেন করবেন এবং শুনানিতে কারা অংশ নিচ্ছেন সেটি দেখার অপশনগুলো দেখানো হল।





## ৪.২ Teams ডাউনলোড না করে শুধুমাত্র ব্রাউজার থেকে শুনানিতে যোগদান


৪.২.১ প্রথমেই ভার্চুয়াল শুনানিতে অংশ নেয়ার জন্য আমরা ইমেইলে প্রাপ্ত লিঙ্কে ক্লিক করুন।





৪.২.২ লিঙ্কে ক্লিক করলেই আপনার ব্রাউজারে নিম্নের উইন্ডোটি চলে আসবে। সেখানে join on the web instead লেখা অপশনটিতে ক্লিক করুন।





৪.২.৩ মাইক্রোফোন এক্সেস নিশ্চিত করার জন্য Allow অপশনে ক্লিক করুন।




৪.২.৪ আপনার নাম লিখে Join Now এ ক্লিক করুন।




৪.২.৫ অভিনন্দন! আপনি ভার্চুয়াল শুনানিতে জয়েন করে ফেলেছেন।





৪.২.৬ নিচের ছবিগুলোতে আপনার ক্যামেরা, মাইক্রোফোন চালু কিংবা বন্ধ করা, শুনানি চলাকালে চ্যাট উইন্ডো কিভাবে ওপেন করবেন এবং শুনানিতে কারা অংশ নিচ্ছেন সেটি দেখার অপশনগুলো দেখানো হল।




## ৪.৩ Microsoft Teams মোবাইল অ্যাপলিকেশন ডাউনলোড এবং শুনানিতে যোগদান


৪.৩.১ আপনার মোবাইলের Play Store/Apple Store এ Microsoft Teams সার্চ করুন এবং ইন্সটল করুন।





৪.৩.২ Teams ইন্সটল করে হয়ে গেলে ভার্চুয়াল শুনানিতে অংশ নেয়ার জন্য ইমেইলে প্রাপ্ত লিঙ্কে ক্লিক করুন।





৪.৩.৩ লিঙ্কে ক্লিক করলেই আপনার মোবাইলের Teams অ্যাপলিকেশন ওপেন হয়ে যাবে। সেখানে আপনার নাম লিখে Join as a guest অপশনে ক্লিক করুন।



৪.৩.৪ মাইক্রোফোন এক্সেক নিশ্চিত করার জন্য Allow অপশন ক্লিক করুন।





৪.৩.৫ অভিনন্দন! আপনি ভার্চুয়াল শুনানিতে জয়েন করে ফেলেছেন।




# অধ্যায় ৫ : বেইল বন্ড দাখিল


৫.১ লগইন করার পর পরবর্তী পেজে 'আবেদনসমূহ' শিরোনামে একটি পাতা আসবে।তাতে দুটি অপশন থাকবে।তার মধ্য থেকে 'বেইল বন্ড দাখিল' অপশনে ক্লিক করতে হবে।




৫.২ বেইল বন্ড দাখিল অপশনটি ক্লিক করার পর একটা পাতা আসবে তাতে আবেদন সংশ্লিষ্ট তথ্য এবং পরবর্তী পাতায় থাকা আবেদন ফরম পূরণের নিয়মাবলি লিপিবদ্ধ থাকবে।তার উপরে ডানপাশে 'আবেদন করুন' নামে একটা অপশন থাকবে।বেইল বন্ড দাখিল করার জন্য তাতে ক্লিক করতে হবে



৫.৩ 'আবেদন করুন' অপশনে ক্লিক করার পর বেইল বন্ড দাখিল শিরোনামে একটা পেজে কিছু তথ্য দিয়ে ফরম পূরণ  করতে হবে।




(ক) কোর্টের ধরন বক্সের অপশনে থাকা কোর্টের ধরনসমূহ থেকে প্রযোজ্য কোর্ট সিলেক্ট করতে হবে।

(খ) কোর্টের নাম অংশে অপশনে থাকা কোর্টসমূহ থেকে সংশ্লিষ্ট কোর্টের নাম সিলেক্ট করতে হবে।

(গ) মামলা নম্বর দিতে হবে।


(ঘ) জামিন আবেদনের নম্বর দিতে হবে।

(ঙ) এরপর আইনজীবীর নাম, মোবাইল নম্বর এবং ই-মেইল দিতে হবে।

(চ) অপশনে থেকে বার এসোসিয়েশনের নাম সিলেক্ট করতে হবে এবং বারের মেম্বারশিপ নম্বর দিতে হবে।


এসব তথ্য প্রদানের পর ডিসক্লেইমার অপশনে থাকা বক্সে ক্লিক এর মাধ্যমে ঠিক চিহ্ন দিয়ে প্রদানকৃত তথ্য ও সংযুক্তি সত্য বলে প্রত্যায়ন করতে হবে।

৫.৪ একটু নিচে থাকা সংযুক্তি অংশে বেইল বন্ড ও রিলিজ অর্ডার আপলোড করার অপশন আছে।বেইল বন্ড অপশনের ডানপাশে থাকা 'আপলোড'এ ক্লিক দিলে ফাইল আপলোড করার জন্য একটি গেটওয়ে আসবে।তাতে তিনটি অপশন থাকবে।যথা —নতুন ফাইল যুক্ত করুন, সংযুক্তি, কোর্ট থেকে প্রেরিত ফাইল।





নতুন ফাইল যুক্ত করুন অপশনে ক্লিক দিলে 'ফাইল যুক্ত করুন' নামে একটা বক্স আসবে তাতে ক্লিক দিয়ে মোবাইল অথবা কম্পিউটার ডিভাইসে থাকা বেইল বন্ডের স্ক্যান কপি অথবা ছবি সিলেক্ট করতে হবে মনে রাখতে হবে বেইল বন্ডের ফাইল ১০ মেগাবাইটের বেশি হবেনা এবং gif, png, jpg, jpeg, pdf আকারে থাকা ফাইলই কেবল আপলোড করা যাবে।

সংযুক্তি অপশনে ক্লিক দিয়ে পূর্বে সংযুক্ত করা ফাইল ব্যবহার করা যাবে।





রিলিজ অর্ডারও এভাবে একই নিয়মে আপলোড করতে হবে।অন্যান্য সাপোর্টিং ডকুমেন্ট থেকে থাকলে তাও বেইল বন্ড এর মত করে আপলোড করা যাবে।

৫.৫ এভাবে বেইল বন্ড, রিলিজ অর্ডার এবং অন্যান্য সাপোর্টিং ডকুমেন্ট আপলোড করার পর বেইল বন্ড দাখিল পেইজের নিচের অংশে 'আবেদন প্রেরণ করুন' অপশনে ক্লিক দিয়ে আবেদন প্রেরণ করা যাবে এবং 'ভবিষ্যতের জন্য সংরক্ষণ করুন' অপশনে ক্লিক দিয়ে বেইল বন্ড আবেদন সংক্রান্ত তথ্য সংরক্ষণ (s a v e ) করে রাখা যাবে।





৫.৬ আবেদন প্রেরণ করুন অপশনে ক্লিক দিলে পূরণকৃত ফরমের তথ্য সম্বলিত একটি পেজ আসবে।এর নিচে বাতিল করুন, প্রিন্ট করুন ও আবেদন প্রেরণ করুন নামে তিনটি অপশন থাকবে।প্রিন্ট অপশনে ক্লিকের মাধ্যমে পেজটি প্রিন্ট করে নেয়া যাবে।আবেদন প্রেরণ করার জন্য 'আবেদন প্রেরণ করুন' অপশনে ক্লিক দিতে হবে।


র বিভাগীয় বাতায়ন | মামলার কার্যতালিকা
Mahmudul Hoque Sany
বেইল বন্ড দাখিল
মামলা নম্বর:*
CR Misc 12345 of 2020
জামিন আবেদনের নম্বর:*
1
আইনজীবীর নাম:*
Mahmudul Hoque Sany
আইনজীবীর মোবাইল নম্বর:*
01825083414
আইনজীবীর ই-মেইল:*
sanymahmudlaw18@gmail.com
বার এসোসিয়েশনের নাম:*
বার এসোসিয়েশন, ঢাকা
বারের মেম্বারশিপ নম্বর:*
12345
ডিসক্লেইমার:*
আমি এই মর্মে প্রত্যয়ন করছি যে, আবেদনের সাথে দেয়া সকল তথ্য ও সংযুক্তি সঠিক। অসত্য প্রমাণিত হলে আমি আইনত দায়বদ্ধ থাকব।
সংযুক্তি
১. বেইল বন্ড*
Screenshot_20200504-151435_Google
২. রিলিজ অর্ডার*
৩. সাপোর্টিং ডকুমেন্ট
বাতিল
প্রিন্ট
আবেদন প্রেরণ করুন
৩. সাপোর্টিং ডকুমেন্ট
আপলোড
অন্যান্য সাপোর্টিং ডকুমেন্ট যোগ করুন


এভাবেই বেইল বন্ড, রিলিজ অর্ডার প্রেরণ সম্পন্ন হবে সাথে সাথে আরেকটি পেজ আসবে তাতে স্বয়ংক্রিয় ভাবে দাখিলকৃত আবেদনসমূহের তথ্য দেখা যাবে।


৫.৭ আদালতে আবেদন গৃহীত হলে সংশ্লিষ্ট আইনজীবীর মোবাইলে মেসেজের মাধ্যমে তা নিশ্চিত করা হবে এবং আবেদনের




ট্র্যাকিং নম্বর পাঠিয়ে দেয়া হবে।

উক্ত মোবাইল নম্বর ও উক্ত ট্র্যাকিং নম্বর ব্যবহার করে 'আবেদনের অবস্থা জানুন' অপশনে ক্লিক দিয়ে আইনজীবী তাঁর আবেদনের বর্তমান অবস্থা জানতে পারবেন।



# ধন্যবাদ